সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী

বিশ্বব্যাংক কোনো ব্যক্তিকে সরাসরি ঋণ প্রদান করে না এবং কারও ব্যক্তিগত ও আর্থিক তথ্য জানতে চায় না। আমরা বিশ্বব্যাংকের নাম ও লোগো ব্যবহার করে মানুষকে প্রতারিত করার তীব্র নিন্দা জানাচ্ছি এবং সবাইকে এই ধরনের প্রতারণামূলক কর্মকাণ্ড থেকে সতর্ক থাকতে অনুরোধ করছি।

১. বিশ্বব্যাংকের নামে কেন প্রতারণা হচ্ছে?

প্রতারকেরা প্রায়ই বিশ্বব্যাংকের মতো বিশ্বস্ত সংস্থাগুলোর নাম ও লোগো ব্যবহার করে, যাতে মানুষ বিশ্বাস করে যে তারা একটি বৈধ উৎসের সঙ্গে লেনদেন করছে। এ ধরনের প্রতারণামূলক কর্মকাণ্ড- যেগুলোকে কখনো কখনো 'অ্যাডভান্স ফি ফ্রড' বা ‘অগ্রিম ফি প্রতারণা’ বলা হয়- যেখানে প্রতারণা করে অর্থ কিংবা ব্যক্তিগত ও আর্থিক তথ্য হাতিয়ে নিতে চেষ্টা করে।

পরিচিত ও স্বনামধন্য সংস্থা বা ব্যক্তির নাম-পরিচয় ও লোগো ব্যবহার করে প্রতারণার উদাহরণগুলোর মধ্যে রয়েছে: ভুয়া বা অযাচিত ঋণের প্রস্তাব, বিশ্বব্যাংকের কর্মী সেজে যোগাযোগ, এবং বিশ্বব্যাংকের আইডি ও লোগো জাল করে প্রতারণা । প্রতি সপ্তাহে বিশ্বজুড়ে হাজারো এমন প্রতারণার ঘটনা ঘটে। তবে এগুলোর মধ্যে খুব কম সংখ্যকই ঘটে বিশ্বব্যাংকের সঙ্গে সংশ্লিষ্টতার মিথ্যা দাবি করে।

ওয়ার্ল্ড ব্যাংক গ্রুপ (World Bank Group) কখনোই কোনো ব্যক্তি বা বেসরকারি প্রতিষ্ঠানকে সরাসরি ঋণ প্রদান করে না এবং কারও ব্যক্তিগত তথ্য বা নথি চায় না। বিশ্বব্যাংকের লক্ষ্য হলো একটি বাসযোগ্য গ্রহে সমৃদ্ধি অর্জনে সদস্য রাষ্ট্রগুলোকে উন্নয়নমূলক প্রকল্পে অর্থায়ন এবং কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে দারিদ্র্য দূর করা৷ বিশ্বব্যাংকের কোনো ব্যক্তিকে ঋণপ্রদান বা অর্থায়ন করে না ।

২. প্রতারণামূলক কর্মকাণ্ডগুলো কেমন হতে পারে?

বিশ্বব্যাংকের নাম ব্যবহার করা প্রতারণামূলক কর্মকাণ্ডগুলো অনলাইনে বা অফলাইনে- উভয় ক্ষেত্রেই হতে পারে। প্রতারকেরা প্রায়ই ব্যক্তিগত তথ্য, অগ্রিম ফি চায় কিংবা নিজেদের বৈধতা প্রমাণে জাল নথি ব্যবহার করে।

সাধারণ উদাহরণগুলোর মধ্যে রয়েছে:

- **ব্যক্তিগত বা ব্যাংকের তথ্যের জন্য অনুরোধ:** প্রতারকেরা ফোন, ইমেল, মেসেজ, সামাজিক যোগাযোগমাধ্যম অথবা সরাসরি যোগাযোগ করতে পারে, ওয়ার্ল্ড ব্যাংক গ্রুপের নাম বা লোগো ব্যবহার করে ভুয়া ও অযাচিত ঋণের প্রস্তাব দিতে পারে। তারা পুরস্কার বা ঋণের প্রলোভন দেখিয়ে স্বাক্ষর, ব্যাংক অ্যাকাউন্টের বিবরণ বা 'প্রসেসিং ফি' চাইতে পারে।
- **সামাজিক যোগাযোগমাধ্যমে ভুয়া পোস্ট:** কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) দিয়ে তৈরি ভিডিও এবং নকল ফেসবুক পেইজে 'বিশ্বব্যাংক থেকে' ব্যক্তিগত, ক্ষুদ্র কিংবা ব্যবসায়িক ঋণের বিজ্ঞাপন দেয় প্রতারকেরা এবং এর জন্য 'প্রসেসিং ফি' চায়। বিশ্বব্যাংকের ঢাকা অফিসের একমাত্র অফিসিয়াল ফেসবুক পেইজ হলো: https://www.facebook.com/WorldBankBangladesh।
- **বিশ্বব্যাংকের কর্মকর্তা সেজে যোগাযোগ:** প্রতারকেরা জাল পরিচয়পত্র বা নথি তৈরি করে নিজেদেরকে বিশ্বব্যাংকের কর্মী পরিচয় দিতে পারে। তারা ফি চাইতে ব্যক্তিবিশেষের বাড়িতে বা কর্মক্ষেত্রেও যেতে পারে।
- **মিথ্যা চাকরির প্রস্তাব:** ভুয়া চাকরির বিজ্ঞপ্তি দিয়ে প্রতারকেরা অর্থ কিংবা ব্যক্তিগত তথ্য চাইতে পারে। নিয়োগ প্রক্রিয়ায় বিশ্বব্যাংক কখনোই কোনো ফি নেয় না। বিশ্বব্যাংকের অফিসিয়াল ইমেলগুলো শেষ হয় @worldbankgroup.org বা @worldbank.org দিয়ে।
- **জাল চিঠি ও আইডি:** জাল চিঠিপত্র কিংবা আইডি থেকে প্রতারকেরা নিজেদের বিশ্বব্যাংকের প্রতিনিধি দাবি করতে পারে এবং তারা বিশ্বব্যাংকের নামে টাকা-পয়সা দাবি করতে পারে কিংবা ভুয়া পুরস্কার জেতার ঘোষণা দিতে পারে।

এই বিষয়গুলো সম্পর্কে সজাগ থাকুন এবং মনে রাখবেন: বিশ্বব্যাংক ব্যক্তি বা ব্যক্তিগত প্রতিষ্ঠানকে সরাসরি ঋণ দেয় না, কিংবা তাদের কাছ থেকে প্রসেসিং ফি বা ব্যক্তিগত তথ্যও চায় না।

৩. বিশ্বব্যাংক কিংবা বিশ্বব্যাংক গ্রুপের কোনো সদস্যকে উল্লেখ করে সন্দেহজনক নোটিশ পেলে আপনার কী করা উচিত?

আপনি যদি এ ধরনের প্রতারণার শিকার হয়েছেন বলে মনে করেন, তাহলে অবিলম্বে স্থানীয় আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করুন এবং বিশ্বব্যাংকের ইন্টেগ্রিটি ভাইস প্রেসিডেন্সি (INT)-এর অফিসিয়াল সাইটে রিপোর্ট করুন:

👉 https://www.worldbank.org/integrity।

বিশ্বব্যাংক সাধারণত এই ধরনের প্রতারণার ঘটনায় তদন্ত করে না।

প্রতারণার শিকার হলে কিংবা প্রতারকেরা যোগাযোগ করছে বলে সন্দেহ হলে নিম্নলিখিত পদক্ষেপগুলো নিন:

- প্রতারককে জবাব দেবেন না, অর্থ পাঠাবেন না এবং ব্যক্তিগত তথ্য দেবেন না। বিশ্বব্যাংক কখনোই কোনো ব্যক্তি বা ব্যক্তিগত প্রতিষ্ঠানকে ফি দিতে, অর্থ স্থানান্তর করতে কিংবা ব্যাংকিং তথ্য সরবরাহ করতে বলে না।
- 'প্রসেসিং ফি'-এর অনুরোধ বা ঋণ, পুরস্কার বা ঋণের প্রস্তাব সম্পর্কে সতর্ক থাকুন। এগুলো প্রতারণামূলক কর্মকাণ্ডের সাধারণ লক্ষণ।
- চিঠি কিংবা প্রস্তাব পেলে প্রেরকের পরিচয় যাচাই করুন। কেউ বিশ্বব্যাংকের কর্মী কিনা তা নিশ্চিত হতে, অফিসিয়াল চাকরির যাচাইয়ের জন্য বিশ্বব্যাংকের হিউম্যান রিসোর্স সার্ভিস সেন্টারের (hroperations@worldbank.org) সাথে ইমেইলে যোগাযোগ করুন।
- সন্দেহজনক প্রতারণার খবর দিন। আপনি যদি মনে করেন যে আপনি প্রতারকের লক্ষ্যবস্তু হয়েছেন বা প্রতারণার শিকার হয়েছেন, তাহলে অবিলম্বে প্রতারকদের সঙ্গে সব ধরনের যোগাযোগ বন্ধ করে দিন এবং বিষয়টি স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে জানান।

৪. প্রতারকদের হাত থেকে নিজেকে রক্ষা করবেন যেভাবে

নিজেকে রক্ষা করতে:

- 'প্রসেসিং ফি'-এর অনুরোধ কিংবা অযাচিত বিনিয়োগ, পুরস্কার বা ঋণের প্রস্তাব সম্পর্কে সতর্ক থাকুন। এগুলো প্রতারণার সাধারণ লক্ষণ।
- অপরিচিত ব্যক্তিদের কখনোই ব্যক্তিগত, আর্থিক কিংবা ব্যাংকিং তথ্য দেবেন না।
- যদি কোনো প্রস্তাব সত্যি বলে খুব বিশ্বাস করতে ইচ্ছেও হয়, তা হলেও সে প্রস্তাবে সাড়া দেবেন না।
- বিশ্বব্যাংকের অফিসিয়াল চ্যানেলের মাধ্যমে সত্যতা নিশ্চিত করুন।
- সন্দেহজনক উৎস থেকে আসা লিংক কিংবা অ্যাটাচমেন্টে ক্লিক করবেন না।
- অবিলম্বে পুলিশ বা স্থানীয় কর্তৃপক্ষকে প্রতারণামূলক কার্যকলাপের খবর দিন।